

“নারায়ণগঞ্জ বন্দর ও চট্টগ্রাম কালুরঘাটে শ্রমজীবী মহিলাদের জন্য বহুতল হোস্টেল ও ০৫ শয্যার হাসপাতাল বিশিষ্ট শ্রম কল্যাণ কমপ্লেক্স নির্মাণ (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের প্রকল্প স্টিয়ারিং কমিটি (পিএসসি) ৬ষ্ঠ সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব মোঃ এছাহানে এলাহী, সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সভার তারিখ : ২০ সেপ্টেম্বর, ২০২১
সময় : দুপুর ১.০০ ঘটিকা
স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
উপস্থিতি : পরিশিষ্ট- ‘ক’

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার আলোচ্যসূচি অনুযায়ী সভায় উপস্থাপনের আহ্বান জানান। মন্ত্রণালয়ের উপসচিব শরীফ মোঃ ফরহাদ হোসেন প্রকল্পের সংক্ষিপ্ত চিত্র তুলে ধরেন। তিনি জানান প্রকল্পটির মেয়াদকাল এপ্রিল, ২০১৮ হতে ডিসেম্বর, ২০২১ ও প্রাক্কলিত ব্যয় ১১৪০০.৪৪ লক্ষ টাকা। প্রকল্পটির মূল উদ্দেশ্য কর্মজীবী মহিলা শ্রমিকদের জন্য স্বল্প ব্যয়ে নিরাপদ ও স্বাস্থ্যসম্মত আবাসনের জন্য হোস্টেল নির্মাণ করা। প্রকল্পটির ক্রয় পরিকল্পনা ও কর্মপরিকল্পনা মন্ত্রণালয়ে পাওয়া যায়নি। প্রকল্পের সর্বশেষ ৫ম পিএসসি সভা গত ০৪/০৫/২০২১ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হলে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হয়। প্রকল্পটির সর্বশেষ ৬ষ্ঠ পিএসসি সভা গত ২৯/০৩/২০২১ তারিখে অনুষ্ঠিত হয়। তিনি গত পিএসসি এবং পিআইসি সভাসমূহের সিদ্ধান্ত বাস্তবায়নসহ সার্বিক অগ্রগতি বিষয়ে সভাকে অবহিত করার জন্য প্রকল্প পরিচালককে অনুরোধ করেন।

২। আলোচনাঃ

(ক) প্রকল্পের ভৌত অগ্রগতি বিষয়ে প্রকল্প পরিচালক, জনাব মোঃ আবু আশরীফ মাহমুদ, পরিচালক, শ্রম অধিদপ্তর সভাকে অবহিত করেন যে, প্রকল্পের কাজ শেষ পর্যায়ে রয়েছে। নির্ধারিত সময়ে প্রকল্পটি সমাপ্ত করা সম্ভব হবে। নারায়ণগঞ্জের বন্দর অংশে সংযোজনের জন্য সেনা কল্যাণ সংস্থার সরবরাহকৃত ০৩ টি প্যাসেঞ্জার লিফট গ্রহণের ও সংযোগ স্থাপনের বিষয়টি অনুমোদন করা হয়। এবং ইউরোপিয়ান স্ট্যান্ডার্ডের Safetynet এর আওতায় লিফটসমূহ স্থাপনে সেনা কল্যাণ সংস্থা এ বিষয়ক প্রতিবেদন দাখিল করার বিষয়ে সভায় জানানো হয়। প্রকল্পটির ভৌত অগ্রগতি ৮৭%।

(খ) প্রকল্পের আর্থিক অগ্রগতি বিষয়ে প্রকল্প পরিচালক সভায় জানান যে, প্রকল্পটির অনুকূলে ২০২১-২২ অর্থবছরে ৪১৫.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। উক্ত এডিপি বরাদ্দের বিপরীতে সেপ্টেম্বর, ২০২১ পর্যন্ত কোন অর্থ ছাড় ও ব্যয় হয়নি। প্রকল্পটির ক্রমপুঞ্জিত অগ্রগতি ৯৩৩৮.৬২ লক্ষ টাকা অর্থাৎ ডিপিপি’র প্রাক্কলন অনুযায়ী আর্থিক অগ্রগতি ৮১.৯১%। প্রকল্পটির নির্ধারিত সময় (ডিসেম্বর ২০২১) এর মধ্যে প্রকল্প কাজ সমাপ্ত করতে ১৬৪৬.৮২ লক্ষ টাকা অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন হবে সভায় এ বিষয়ে আলোচনা করা হয়।

(গ) প্রকল্পের সুবিধাভোগী নির্বাচন ও হোস্টেল ব্যবহার বিষয়ে প্রকল্প পরিচালক বলেন যে, গত সভার সিদ্ধান্ত অনুযায়ী শ্রমজীবী মহিলা হোস্টেলের সুবিধাভোগী নির্বাচন ও হোস্টেল ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে গত ১৪/০৮/২০২১ তারিখে পাওয়া গেছে। এ বিষয়ে পত্রিকা বিজ্ঞপ্তি প্রদান সহ অন্যান্য কার্যক্রম দ্রুত গ্রহণ করা হবে।


(ঘ) অতিরিক্ত সচিব (উন্নয়ন) বলেন প্রকল্পটি ডিসেম্বর, ২০২১ এ সমাপ্তি হবে। অতিরিক্ত বরাদ্দ পাওয়া গেলে যথাসময়ে প্রকল্পটি সমাপ্ত করা সম্ভব হবে। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ে ২০২১-২২ অর্থ বছরে এডিপিতে মাত্র ০৫ কোটি টাকা থোক বরাদ্দ রয়েছে। সে জন্য বিশেষ প্রয়োজনে উন্নয়ন সহায়তা থোক থেকে অতিরিক্ত বরাদ্দ প্রদানের জন্য পরিকল্পনা কমিশনে পত্র দেয়া যায়। সভায় পরিকল্পনা কমিশন, আইএমইডি ও অর্থ বিভাগের প্রতিনিধিগণ আলোচনায় অংশগ্রহণ করেন।

৩। সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনাক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

- ক. প্রকল্প এলাকা সরেজমিন পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;
- খ. প্রকল্প কাজের গুনগতমান বজায় রেখে ডিসেম্বর, ২০২১ এর মধ্যে নির্মাণ কাজ সমাপ্ত করতে হবে;
- গ. অতিরিক্ত বরাদ্দের জন্য পরিকল্পনা কমিশনে পত্র দিতে হবে এবং
- ঘ. শ্রমজীবী মহিলা হোস্টেলের সুবিধাভোগী নির্বাচন বিষয়ে পত্রিকা বিজ্ঞপ্তি প্রদান সহ অন্যান্য কার্যক্রম দ্রুত গ্রহণ করতে হবে;

বাস্তবায়ন: প্রকল্প পরিচালক, সেনা কল্যান সংস্থা (ডিপিএম সেল)।

৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


২২/১০/২০২১

(মোঃ এহছানে এলাহী)

সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় ও
সভাপতি,

প্রকল্প স্টিয়ারিং কমিটি (পিএসসি)

নারায়ণগঞ্জ বন্দর ও চট্টগ্রাম কালুরঘাটে শ্রমজীবী মহিলাদের জন্য
বহুতল হোস্টেল ও ০৫ শয্যার হাসপাতাল বিশিষ্ট শ্রম কল্যাণ
কমপ্লেক্স নির্মাণ শীর্ষক প্রকল্প